Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৴০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।



**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)


ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১২ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৬১ ইংরাজী 26th May. 1954 | ২য় সংখ্যা





সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

— C. P. Service



**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস : ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১২ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬১ সাল

# মানুষ তৈরী কারখানার কারিকর

—•—

যাঁহারা দেশের স্কুলের ছাত্র ও ছাত্রীদের শিক্ষাদান করিবেন, তাঁহাদেরই পরীক্ষা 'হলে' কোলাহল উপস্থিত হইয়াছিল। শুধু কোলাহল নয় ফলে বে-আদবীর হলাহল উত্থিত হইয়াছে। প্রশ্নপত্রগুলি খুব কঠিন হইয়াছিল আর নাকি পাঠ্যতালিকার বাহিরের প্রশ্ন দেওয়া হইয়াছিল। আর কোথা যাবে! এখন নীতি হইল—দু'পাঁচ জন একটু হল্লা বা গোলমাল করিতে পারিলে কার্য্য তো পণ্ড হইবেই, গোলমালকারীরা অন্যান্য শান্তপ্রকৃতি ব্যক্তিদেরও বাধ্য করিবে তাহাদের সঙ্গে যোগ দিয়া কার্য্য নষ্ট করিতে। যাহারা প্রথমে গোলমাল করে, তাহাদের পদ্ধতি অবলম্বন না করায় জুলুম করিয়া অনেক শান্তস্বভাব পরীক্ষার্থী ও পরীক্ষার্থিনীগণের উত্তরের কাগজ ছিনাইয়া লইয়া উচ্ছৃঙ্খলতার ও স্বেচ্ছাচারিতার চরম দেখাইয়া সভ্য সমাজে অসভ্যতার পরাকাষ্ঠা দেখাইয়া তবে ছাড়িয়াছে।

ছাত্রেরাই এইরূপ অপরাধ অনুষ্ঠান করে বলিয়া শোনা গিয়াছে। এবার তাহাদের শিক্ষাদাতা ও শিক্ষাদাত্রিগণের মধ্যে এই কুৎসিত ব্যাধি সংক্রমিত হইল। যদি প্রশ্ন কঠিন বা নিয়মের বাহিরে দেওয়া হয়, তাহার প্রতিকার কি উচ্ছৃঙ্খলতা! অনেকেরই তো সব প্রশ্ন জানা থাকে না, অজানা প্রশ্ন যে সব উত্তর করিতেই হইবে এমন কথা নাই। জানা প্রশ্ন ছাড়া অজানা প্রশ্ন দেওয়া চলিবে না, এ পদ্ধতি তো চালানো—প্রশ্নকর্ত্তার পক্ষে সম্ভব নয়। আমাদের মনে পড়ে একটি গান শুনিয়াছিলাম—

"(তবে) দুনিয়া হতো
কত মজেদার!
(যদি) মনের মত চাকরী হতো,
চাকরী যদি স্বাধীন হতো,
পাঁচশো টাকা মাইনে হতো
দুবেলা তার মাসকাবার।

* * *

(যদি) আইন কানুন উঠে যেতো,
মোদের কত ফূর্ত্তি হ'তো,
আর ছ'টা বার ঘুচে গিয়ে
রোজই হতো রবিবার!"
(তবে) দুনিয়া হতো কত মজেদার।

পরীক্ষার্থীর মনের মত প্রশ্ন কোন কালেই সম্ভব নয়।

---

## ১৯০১ খৃষ্টাব্দে অর্থাৎ ৫৪ বৎসর পূর্ব্বেকার জঙ্গিপুরের মহকুমা-শাসক



## শ্রীবিশ্বেশ্বর ভট্টাচার্য্য

—•—

ইনি ১৯০১ খৃষ্টাব্দে জঙ্গিপুর মহকুমার শাসক ছিলেন। জঙ্গিপুর মহকুমা শাসনকালে এইখানে তাঁহার এক কন্যা ভূমিষ্ঠ হন। তাঁহার বয়স এখন ৫৪ বৎসর। এই কন্যার কনিষ্ঠ পুত্র শ্রীমান্ প্রসূনকুমার বন্দ্যোপাধ্যায় তাঁহার মাতামহের বর্ত্তমান সময়ের এই আলোক-চিত্রখানি দিয়া আমাদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

শ্রীযুক্ত ভট্টাচার্য্য মহাশয়ের মত নৈতিকজ্ঞানসম্পন্ন মহান্ ব্যক্তি খুব কমই দেখা যায়। যতদিন তিনি সরকারী কার্য্যে নিযুক্ত ছিলেন, গবর্ণমেণ্ট কর্ম্মচারীর আচরণ-বিধি (conduct rule) এক চুলও লঙ্ঘন করেন নাই। এখনও তাঁহার সমসাময়িক সমপদস্থ অবসরপ্রাপ্ত ব্যক্তিগণের নিকট ভট্টাচার্য্য মহাশয়ের নাম করিলে তাঁহারা তাঁহার উদ্দেশে হাত দুটি কপালে ঠেকাইয়া নমস্কার করেন। বলেন তাঁর মত নিষ্ঠাবান্ অফিসার কেহ দেখিয়াছেন কিনা সন্দেহ।

আমরা গল্প শুনিয়াছি—তিনি একদিন দ্বিপ্রহরে একটি থানা পরিদর্শনকালে খুব তৃষ্ণাতুর হইয়া এক গ্লাস জল পান করিতে চাহিয়াছিলেন। থানার দারোগা বাবু এক গ্লাস মিছরির সরবৎ আনিয়া দেন। ভট্টাচার্য্য মহাশয় মুখে দিয়া উহার মিষ্টত্ব অনুভব করিয়া তৎক্ষণাৎ মুখ হইতে ফেলিয়া দেন। তিনি বুঝিতেন যে এতটা বাড়াবাড়ি খুব দৃষ্টিকটু হইলেও নিয়ম লঙ্ঘন তো বটেই। যাহা মানিবার নিয়ম আছে, ষোল আনা মানিয়া চলিব। একটু ত্রুটি করিতে করিতে শেষে বিধিবহির্ভূত কাজ করাই অভ্যাস হইয়া যাইবে। সরকার যাতায়াতের সমস্ত খরচ বহন করেন। খাবার খরচ দিয়া থাকেন। তবে কেন অন্যের একটুও কিছু খাইয়া নিয়মলঙ্ঘন অপরাধ করি। এক গ্লাস জল—ইহাতে কাহারও কোন ব্যয় হয় না, তাই চাহিয়াছিলেন।

জঙ্গিপুরে থাকাকালীন তাঁহার আরদালী ছিল মুসলমান। নাজির বাবু তাঁহার খাবার ইত্যাদি আনার অসুবিধা উল্লেখ করিয়া কানন-গো বাবুর হিন্দু আরদালীটি তাঁহাকে দিয়া মুসলমান আরদালীকে কানন-গো বাবুর কাছে দিবার প্রস্তাব করেন। ভট্টাচার্য্য মহাশয় তাহাতে বলিয়াছিলেন—কানন-গো বাবুর বেতন কম, তিনি হিন্দু আরদালী দিয়া বাড়ীর কাজ করাইবার সুযোগটুকু হারাইয়া অসুবিধায় পড়িবেন, এটা কি বিচারসম্মত কাজ হইবে? নাজির বাবু খুব অপ্রস্তুত হইয়া লজ্জিত হন।

ভট্টাচার্য্য মহাশয় বাল্যকাল হইতে মেধাবী ও প্রতিভাবান্ ছিলেন। বহরমপুর কৃষ্ণনাথ কলেজের শত বার্ষিকী উপলক্ষে প্রাক্তন ছাত্র হিসাবে তাঁহার লিখিত প্রবন্ধ ও তাঁহার লিখিত অন্যান্য রচনা হইতে যাহা জানা গিয়াছে, সাধারণের গোচরার্থে তাহা প্রকাশিত হইল—

শ্রীবিশ্বেশ্বর ভট্টাচার্য্য মহাশয় ফরিদপুর জেলার একটি অখ্যাত পল্লীগ্রামে জন্মগ্রহণ করেন। পূর্ব্বপুরুষগণ যজন, যাজন, অধ্যাপনা ও ব্রহ্মোত্তর সম্পত্তি ইত্যাদির আয় হইতে জীবিকানির্ব্বাহ করিতেন। ক্রমে গ্রামের অবস্থা খারাপ হইয়া উঠে। ম্যালেরিয়ার জন্য স্বাস্থ্যও হীনতর হইয়া উঠে। গ্রামে ভাল পাঠশালা বা আধুনিক ধরণের স্কুল ছিল না। তালপাতা, কলাপাতা লেখা ও বর্ণপরিচয় শেষ হওয়ার পর তাঁহার শিক্ষার ব্যবস্থা কি করা যায় ইহা এক সমস্যা হইয়া উঠে। তাঁহার পিতার এক মাসতুতো দাদা মুর্শিদাবাদ ডোমকল-আজিমগঞ্জে মুন্সেফ কোর্টে কাজ করিতেন। তিনিই ইঁহাকে ৯ বৎসর বয়সের সময় তাঁহার স্বীয় কর্ম্মস্থলে লইয়া আসিয়া তথাকার মাইনর স্কুলে ভর্ত্তি করিয়া দেন। তিন বৎসর পর অর্থাৎ বার বৎসর বয়সে শ্রীভট্টাচার্য্য মাইনর পরীক্ষা দিয়া ম্যালেরিয়া জ্বরে ভুগিতে ভুগিতে দেশের বাড়ীতে আসিয়া সংবাদ পাইলেন তিনি প্রেসিডেন্সী বিভাগের জেলাসমূহের মধ্যে প্রথম স্থান অধিকার করিয়া মাইনর পরীক্ষায় ৫৲ টাকা হিসাবে মাসিক বৃত্তি পাইয়াছেন।

এইবারে বহরমপুর কৃষ্ণনাথ কলেজিয়েট স্কুলে তৃতীয় শ্রেণীতে ভর্ত্তি হইলেন। তাঁহার যোগ্যতা দেখিয়া প্রধান শিক্ষক মহাশয় তাঁহাকে দ্বিতীয় শ্রেণীতে উন্নীত করিয়া দিলেন। দ্বিতীয় শ্রেণী হইতেই এণ্ট্রান্স পরীক্ষা দিয়া মাসিক ১৫৲ টাকা হিসাবে বৃত্তি লইয়া কলেজে পড়িতে পড়িতে কলিকাতা সিটি কলেজে চলিয়া গেলেন। তারপর আবার বহরমপুরে ফিরিয়া আসিলেন। এফ. এ. পরীক্ষা দিয়া বিশ্ববিদ্যালয়ে যত ছাত্র পরীক্ষা দিয়াছিল তাহাদের মধ্যে ২৪শ স্থান অধিকার করিয়া মাসিক ২০৲ টাকা হিসাবে বৃত্তি পাইলেন।

বি এ পড়িবার এ. কোর্স ও বি. কোর্স প্রচলিত থাকায় তিনি উকীল হইবার আশায় এ. কোর্স লইয়া মেট্রোপলিটনে (বর্ত্তমান বিদ্যাসাগর) ভর্ত্তি হইয়া ইংরাজী ও ইতিহাস—অর্থনীতিতে (তখন এক বিষয় ছিল) অনার্স লইয়া পড়িতে আরম্ভ করিলেন। তখন বৃত্তি পাওয়া ছাত্রদেরও বেতন লাগিত। পুঁজি মাত্র বৃত্তির টাকা ২০টি। চতুর্থ বার্ষিক শ্রেণীতে উঠিয়াই যা থাকে অদৃষ্টে বলিয়া প্রেসিডেন্সী কলেজে ভর্ত্তি হইলেন। উক্ত দুই বিষয়ে অনার্স লওয়ার উপর আবার ফিলজফিতেও অনার্স লইলেন। বি. এ. পরীক্ষায় ইংরাজীতে দ্বিতীয়, ইতিহাস অর্থনীতিতে প্রথম এবং মনোবিজ্ঞানে ও নীতিবিজ্ঞানে তৃতীয় স্থান অধিকার করিয়া আশার অতিরিক্ত ফল পাইয়াছিলেন। পোষ্ট গ্র্যাজুয়েট বৃত্তিসহ প্রেসিডেন্সী কলেজে এম. এ. পড়িতে আরম্ভ করিলেন। কিন্তু ডেপুটি ম্যাজিষ্ট্রেটির জন্য প্রতিযোগিতা পরীক্ষার সরকারী বিজ্ঞাপন দেখিয়া সেই পরীক্ষা দিতে মনস্থ করিলেন। পরীক্ষার ফল হইল —একজন গণিতের অধ্যাপক হইলেন প্রথম আর ইনি হইলেন দ্বিতীয়। এম. এ.র আশা ও বৃত্তি ছাড়িয়া দিয়া চাকরীতে প্রবেশ করিলেন। কত দেশ বিদেশে মহকুমা শাসক, সেটেলমেণ্ট অফিসার, ভারত সরকারের সামরিক হিসাব বিভাগের কাজ করিয়া ২৪ পরগণা জেলা (আলিপুরে) অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেটের পদে থাকিতে থাকিতে ১৯২৫ খৃষ্টাব্দে অবসর গ্রহণ করিয়া ২৯ বৎসর পেনসন্ ভোগ করিতেছেন।

অবসর গ্রহণ করার পর স্বীয় বাসভবনে মুদ্রাযন্ত্র স্থাপন করিয়া "রামধনু" নামক শিশুগণের মাসিকপত্র সম্পাদনা আরম্ভ করিলেন। সাহিত্য সাধনা তাঁহার অন্যতম সাধনার বিষয়রূপে পরিস্ফুট হইয়া উঠিল। তাঁহার কনিষ্ঠ পুত্র শ্রীক্ষিতীন্দ্রনারায়ণ ভট্টাচার্য্য মহাশয় এক্ষণে উক্ত মাসিক পত্রিকা সাফল্যের সহিত সম্পাদনা করিতেছেন।

৮৫ বৎসর বয়স্ক এই সাহিত্যসাধক নিজের প্রতিষ্ঠিত ও পুত্রের সম্পাদিত মাসিকে গত ১৩৬০ সালের আশ্বিন সংখ্যায় যে কবিতাটি লিখিয়াছেন তাহা পাঠকগণের জন্য নিম্নে প্রকাশ করিলাম।

## মা

শ্রীবিশ্বেশ্বর ভট্টাচার্য্য

দিকে দিকে অশান্তির ছায়া,
বাহিরে শান্তির প্রহসন,
অন্ধকার বিস্তারিছে কায়া,
কে জানে কি ভাবে কার মন?
সীমান্তে কাশ্মীরে দেখি আজ
গৃহদ্বন্দ্বে সমাজ বিকল,
পাকিস্তান হাঁকে সাজ সাজ
নাহি বুঝি—কত তার বল।
ছিন্ন ভিন্ন তবু দর্প ভরে
কোরিয়া এখনো রণ চায়,
এত যে প্রয়াস শান্তি তরে
থাকি থাকি কোথা উড়ে যায়।
আফ্রিকার প্রান্ত দেশে সাজি
বিদেশী স্বদেশীসহ যুঝে,
মরোক্কোর কেনিয়ায় আজি
কেহ কারো দরদ না বুঝে।
মিশরে, পারস্যে আজ কত
অন্তর্দ্রোহে জ্বলিতেছে দেশ,
অনশনে দীর্ণ এ ভারত
জীর্ণ করিতেছে কত ক্লেশ।
থাকিতে কোদণ্ড তব করে,
কেন, মাতঃ, কুপুত্র তোমার
হুঙ্কারে এমন দম্ভ ভরে,
পরস্পরে চাহে গ্রাসিবার?
শূলপাণি যার সহচর,
তনয় সেনানী দুর্নিবার,
পদতলে কেশরী প্রখর,
রাজ্যে তার কেন অনাচার?
কর মা কণ্টকহীন আপন সংসার,
হাসুক সন্তান তব যাক হাহাকার।


---

নীতিজ্ঞান তাঁহাকে আরও দীর্ঘায়ু করুক ইহাই আমাদের কামনা।

---

## বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ, বহরমপুর, রাধারঘাট হইতে সাঁইথিয়া পর্যন্ত আন্তরাঞ্চলিক পথে দুইটি যাত্রীবাহী বাস চালু করার জন্য এই অঞ্চলের যে-সকল স্থায়ী পথ পারমিটধারিগণ অন্ততঃ তিন বৎসরকাল বাস সার্ভিস চালাইতেছেন তাঁহাদের নিকট হইতে নির্দেশিত ফরমে দরখাস্ত আহ্বান করিতেছেন। নির্দেশিত ফরম উক্ত অফিস হইতে পাওয়া যাইবে। দরখাস্ত দাখিলের শেষ তারিখ ৩১শে মে, ১৯৫৪ সাল।




দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

বিশ্বস্ত প্রতিষ্ঠান

চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## শ্রীশ্রীরামকৃষ্ণ দেবের জন্মোৎসব ও শ্রীশ্রীসারদা দেবীর শতবার্ষিকী জয়ন্তী

জঙ্গিপুরবাসী যুবকবৃন্দের ঐকান্তিক চেষ্টায় জঙ্গিপুরে শ্রীশ্রীরঘুনাথজীউর নাটমন্দিরে গত ১৬ই ও ১৭ই মে যথাক্রমে শ্রীশ্রীরামকৃষ্ণদেবের জন্মোৎসব ও শ্রীশ্রীসারদা দেবীর শতবার্ষিকী জয়ন্তী উদ্‌যাপিত হয়। প্রথম দিন প্রাতে অগণিত ভক্ত শ্রীশ্রীঠাকুরের, শ্রীশ্রীমায়ের ও স্বামীজীর প্রতিকৃতিসহ সংকীর্ত্তন করিয়া নগর পরিক্রমা করেন। প্রত্যাবর্তনের পর ঐকান্তিক নিষ্ঠার সহিত ভাবগম্ভীর পরিবেশের মধ্যে বিশেষ পূজা হোম আরতি ও প্রসাদ বিতরণের ব্যবস্থা করা হয়। উভয় দিন .সন্ধ্যায় শ্রীশ্রীঠাকুরের ও শ্রীশ্রীমায়ের জীবনলীলা ও বাণী সম্বন্ধে বিশদ আলোচনার জন্য জনসভার আয়োজন করা হয়। দ্বিতীয় দিনের সভার প্রারম্ভে শ্রীশ্রীরামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ শ্রীমৎ স্বামী শঙ্করানন্দ মহারাজজীর শ্রীমায়ের শতবার্ষিকী উপলক্ষে ভক্তদের প্রতি শুভেচ্ছাবাণী পঠিত হয়।

এতদুপলক্ষে বেলুড় মঠের ব্রহ্মচারী শ্রীঅভয়-চৈতন্য মহারাজ ও সারগাছি আশ্রমের শ্রীমৎ স্বামী বিরজাত্মানন্দ মহারাজ যোগদান করায় অনুষ্ঠান সর্ব্বাঙ্গসুন্দর হয়। শত শত নরনারী শ্রদ্ধাপ্লুতচিত্তে তাঁহাদের মর্ম্মস্পর্শী ভাষণ শুনিয়া নিজেদের কৃত-কৃতার্থ মনে করেন।

---

## টপকা জুয়াচোর দল

### জনসাধারণের প্রতি পুলিশের সতর্কবাণী

কলিকাতায় টপকা পদ্ধতিতে কয়েকটি প্রতারণার ব্যাপার সম্প্রতি পুলিশের গোচরে আসিয়াছে। এই ঠকরা দল বাঁধিয়া কাজ করে ও তাহাদের অনেকেই গৃহহীন। এই দলের কোন লোক সাধারণতঃ রাস্তাঘাটে সোনার মত দেখিতে কোন পালিশ করা গহনা বা অন্য জিনিস বা ধাতুর পিণ্ড ফেলিয়া দেয় বা ফেলিয়া রাখে। শিকার ঐ জায়গার কাছে আসিলে দলের একজন লোক জিনিসটিকে তুলিয়া লয় ও উহা খুব দামী বলিয়া অভিমত প্রকাশ করে। দলের আরও কয়েকজন লোক তখন ঐ স্থানে উপস্থিত হয় ও জিনিসটি কিনিতে চায়। দর দ্রুত চড়িতে থাকে। শিকার-কেও জিনিসটি খুব সস্তা দরে কিনিয়া লওয়ার জন্য অনুরোধ করা হয় এবং দলের অন্যান্য লোকরা হতাশার ভাব দেখাইয়া সরিয়া পড়ে। শিকার মোহগ্রস্ত হইয়া জিনিসটি খুব সস্তায় কিনিয়া লয় ও পরে উহা মোটেই দামী নয় বলিয়া দেখিতে পায়। অবস্থাভেদে সময় সময় এই কর্মপদ্ধতির সামান্য রদ-বদল হইতে দেখা যায়। অসতর্ক জনসাধারণ যেন এই দলের কার্যকলাপ সম্পর্কে সাবধান থাকেন।

---

## "শক্তিশালী সমাজ" বাজেয়াপ্ত

পশ্চিমবঙ্গ সরকার স্বামী সত্যানন্দজী সরস্বতী লিখিত এবং শক্তিবাদ প্রেস, ১১৭নং ধর্মতলা ষ্ট্রীট, কলিকাতা হইতে শ্রীহরিচরণ চক্রবর্ত্তী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত "শক্তিশালী সমাজ" নামক বাংলা পুস্তকের ৩য় ভাগের সমস্ত বই বাজেয়াপ্ত বলিয়া ঘোষণা করিয়াছেন। ইহার কারণ, ভারতের এক শ্রেণীর নাগরিকের ধর্ম ও ধর্মবিশ্বাসকে অপমান-পূর্বক ঐ শ্রেণীর ধর্মভাবকে উদ্দেশ্য ও বিদ্বেষপ্রণোদিতভাবে আহত করার ইচ্ছা লইয়া লিখিত বিষয়াদি এবং ভারতের বিভিন্ন শ্রেণীর নাগরিকের মধ্যে ঘৃণার ভাব সঞ্চার করে এমন সকল বিষয় উক্ত পুস্তকে রহিয়াছে।

---

## প্রবন্ধ প্রতিযোগিতা

—০—

রামেন্দ্রসুন্দর স্মৃতি পাঠাগার পরিচালক সমিতি পশ্চিমবঙ্গের সাহিত্যসেবিগণের নিকট হইতে "বাঙলা সাহিত্যে আচার্য্য রামেন্দ্রসুন্দরের দান" শীর্ষক এক প্রতিযোগিতামূলক প্রবন্ধ আহ্বান করিতেছেন।

প্রতিযোগিতায় যোগদানকারিগণকে ফুলস্ক্যাপ কাগজে অনধিক ১৬ পৃষ্ঠায় প্রবন্ধ লিখিয়া লেখকের নাম ও পূর্ণ ঠিকানাসহ ৩১শে আষাঢ় মধ্যে প্রবন্ধ ও তৎসহ এক টাকা প্রবেশ মূল্য নিম্ন ঠিকানায় পাঠাইতে হইবে।

প্রবন্ধ পরীক্ষকগণ কর্ত্তৃক যাঁহার রচনা শ্রেষ্ঠ বলিয়া নির্ধারিত হইবে, আগামী ৫ই ভাদ্র আচার্য্য দেবের জন্মস্মৃতি বার্ষিকী অনুষ্ঠান সভায় তাঁহাকে স্বর্ণপদক ভূষিত করা হইবে। উপস্থিত হইতে অসমর্থ হইলে ডাকযোগে পদক পাঠান হইবে।

দেবেন্দ্রনারায়ণ রায়
সম্পাদক
রামেন্দ্রসুন্দর স্মৃতি পাঠাগার
জেমো, কান্দী, মুর্শিদাবাদ।
৬ই জ্যৈষ্ঠ, ১৩৬১

---

## জঙ্গিপুর কলেজ

জঙ্গিপুর কলেজ উন্নয়ন লটারির ড্রইং ২৩শে মে প্রকাশ্যভাবে অনুষ্ঠিত হয়। বিজেতাদের নাম নিম্নে প্রকাশিত হইল।

প্রথম পুরস্কার—২৪৩৭৲, দ্বিতীয় পুরস্কার—১২১৭৲,
তৃতীয় পুরস্কার—২৪৩৷৵০

১ম পুরস্কার—জের মহম্মদ সেখ, পিয়ারাপুর, দয়ারামপুর, মুর্শিদাবাদ টিকেট নং ১১৮৩৫, ২য় পুরস্কার—ষষ্ঠীকুমার সাহা, ছাবঘাটি, মুর্শিদাবাদ টিকেট নং ১১৮৬৪, ৩য় পুরস্কার—নন্দরাণী সিংহ C/o. নরেন্দ্রনাথ সিংহ, জগতাই টিকেট নং ২৪৬৮৪।

কনসোলেশন পুরস্কার—প্রত্যেকটি—৪৮৷৷৵০

কনসোলেশন পুরস্কার—১। ধীরেন্দ্রনাথ সাহা, নিমতিতা, ( মুর্শিদাবাদ ), টিকেট নং ২৭৪২২। ২। এস্ এন্ দত্ত, জোতকমল, ( মুর্শিদাবাদ ) টিকেট নং ২৮৮০৮। ৩। অরুণকুমার দাস, রাজানগর, গনকর, (মুর্শিদাবাদ) টিকেট নং ৪২২৬৫। ৪। ক্ষিতীশ চন্দ্র রায়, C/o. দুলুপদ রায়, কালীতলা বাজার, পোঃ খামরা, ( মুর্শিদাবাদ ) টিকেট নং ১৩৬০৮ ৫। নাসেদ সেখ, লালখান দিয়াড়, পোঃ গিরিয়া, ( মুর্শিদাবাদ ) টিকেট নং ২০৯২। ৬। জোহক সেখ, সেরপুর, নিমতিতা, ( মুর্শিদাবাদ ) টিকেট নং ২৪৭৭০। ৭। এ, কে, দাসগুপ্ত, নাকহাটি টি, এষ্টেট, মল, ( জলপাইগুড়ি ) টিকেট নং ১২৯২৭। ৮। পঙ্কজকুমার দাস, জোতকমল, কাঁসারিপাড়া. টিকেট নং ১২১২২। ৯। আবুল সেখ, ভাবকী, টিকেট নং ৭১৫৮। ১০। সরসীবালা দাসী C/o. লোহারি মাঝি, নাইত, বারালা, টিকেট নং ৩৮৩৮০ ১১। জিল্লার রহমান বিশ্বাস, আহাদুল মণ্ডলের পুত্র, আহাম্মদপুর, দয়ারামপুর, টিকেট নং ৩০,

১২। আশু সরকার, ডিষ্ট্রীক্ট অফিস ই, এস, ৩, জলপাইগুড়ি, টিকেট নং ৫৩১। ১৩। মঙ্গল সাহু ২নং দেবেন্দ্র ঘোষ [রোড, কলিকাতা-২৫, টিকেট নং ১২৩৯। ১৪। অঞ্জলি পাল, পাট্‌কেবাড়ী, (মুর্শিদাবাদ), টিকেট নং ৫০৪। ১৫। জগন্নাথ সাহা C/o. পশুপতি সাহা, রঘুনাথগঞ্জ, ১৮০০৯। ১৬। সিদ্দিক সেখ, ইসলামপুর, ছাবঘাটি, টিকেট নং ২৪৪৪৯। ১৭। ডাক্তার অনিলকুমার ব্যানার্জি, ৪৮ নং রামদুলাল সরকার ষ্ট্রীট, কলিকাতা-৬, টিকেট নং ৮৩০৮। ১৮। বাণী মিত্র C/o. পি. মিত্র, জে, সি, ডি, এ, পাটনা, টিকেট নং ১৪৪৩। ১৯। কানাইলাল তেওয়ারী, বহিলাপাড়া, বর্দ্ধমান, টিকেট নং ১৬৯। ২০। হরিপদ মণ্ডল, নিশিন্দ্রা, শ্রীমন্তপুর, (মুর্শিদাবাদ) টিকেট নং ১৭৫৩৫

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১৪ই জুন ১৯৫৪*

১৯৫৩ সালের ডিক্রীজারী

১৪১ থাং ডিঃ নশীপুর রাজ ওয়ার্ডস এষ্টেট দেং জিয়ালাল দাস মহান্ত দাবি ৫৭৮৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ২-২৭ শতকের সেস ২/০ আঃ ৫০৲ থং ৫১১

৪৫৭ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং সত্যেন্দ্রনাথ দত্ত দিং দাবি ৫১।৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ইস্তাহারলিখিত সম্পত্তির জমা ৯॥৵৬ আঃ ৪০৲ থং ৩০৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১২০ থাং ডিঃ কালীপ্রসন্ন সিংহ দিং দেং আবদুল জলিল সেখ দাবি ১৮।/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাদিকোলা /৪ কাঠার কাত ১৫৪ আঃ ১০৲ থং ১৯৮ ২০২

১২১ থাং ডিঃ ঐ দেং সেকেন্দর সেখ দিং দাবি ১৮।/৩ মৌঃ ঐ ৫ শঃ এর কাত ৸৵০ থং ২১২, ২১৪

১২২ থাং ডিঃ ঐ দেং হেদার সেখ দাবি ৩৫॥৶৯ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ৫৲ আঃ ২৩৲ থং ৫৭

১২৩ থাং ডিঃ ঐ দেং শুভান মিস্ত্রী দিং দাবি ২১৶৬ মৌজাদি ঐ ১০ শতকের কাত ১॥০ আঃ ১৪৲ থং ২১৬, ২১৮, ২১৭

১৭৬ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং কাবাতুল্লা মণ্ডল দিং দাবি ৫৯৷৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখালিপুর ৫-৬৭ শতকের কাত ১০৸৵৯ আঃ ৪০৲ থং ৫৪৮

১৫০ থাং ডঃ ঐ দেং আবদুল ওয়াহেদ মোল্লা দাবি ২০৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে হরিশপুর ১৫৪৫ বিঘার কাত ২৲ আঃ ১০৲

### *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*

### *নিলামের দিন ২১শে জুন ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

১০৫ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং ইউনুস সেখ দিং দাবি ২৪৲ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাডড্ডা ১ শতকের কাত ।৵৫ আঃ ৫৲ থং ০৮৩ রায়ত স্থিতিবান।

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩ মনি ডিঃ জামিরুদ্দিন বিশ্বাস দেং ফরজন সেখ দাবি ৮৩৬।৯ থানা ফরাক্কা মৌজে জাফরগঞ্জ ১৭ শতক মধ্যে ৮।০ শতকের কাত পড়তামত ।৵২॥ আঃ ২৫৲ থং ৪০৭ তদুপরি চালা ঘর মায় কপাট চৌকাঠসহ রায়ত স্থিতিবান। ২নং লাট মৌজাদি ঐ ২ শতক মধ্যে ১ শতকের কাত পড়তামত /৭ আঃ ১২৲ থং ১২৫ রায়ত মোকররী। ৩নং লাট মৌজাদি ঐ ১৫ শতক মধ্যে ৭॥০ শতকের কাত পড়তামত ।৵৮ পাই আঃ ১৫৲ থং ২৩ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ২৩ শতকের মধ্যে ১১॥০ শতকের কাত পড়তামত ॥/৮ পাই আঃ ৩০৲ থং ১২৯ ঐ স্বত্ব

১৭ মনি ডিঃ কালীপ্রসন্ন সিংহ দিং দেং ইমানী দেওয়ান দাবি ৬৪২।৵০ থানা সাগরদীঘি মৌজে জিনদীঘি ১১-৪২, ২ ৩৬, ৬৭, ১-৩২, ৫৮, ২-৪১, ৭১ শতকের কাত যথাক্রমে ২৬॥৶৬, ১১৸/০, ১৲, ৩৲, ১৸০, ১০৲, ৩।০ আঃ যথাক্রমে ৩২৫৲, ১১৫৲, ৩০৲, ৮০৲, ৪০৲, ১৫০৲, ৪০৲ থং যথাক্রমে ২১৩, ২১২, ২১০, ২০৯, ২০৬, ৩৬৩, ৩৬৪

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১২ই জুলাই ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১৩৯ থাং ডিঃ সুধাকর মুখোপাধ্যায় দিং দেং পঙ্কজকুমার দাস দিং দাবি ৭৪/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ২-৮৩ শতকের কাত ১৪৲ আঃ ২৫৲ থ ৫৭৩

৩৬ থাং ডিঃ বিদগ্ধগোপাল দাস দেং হৃষিকেশ সরকার দাবি ১৩॥৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ১ শতকের কাত ॥০ আঃ ৫৲ থং ৫৩৭

১৭৫ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং শ্যামাপদ সাহা দিং দাবি ৩৭৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ৭১ শতকের কাত ৫৲ আঃ ২৫৲ থং ২৯৯

১৭৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৩৸৯ মৌজাদি ঐ ৩-০৮ শতকের কাত ১০।/৩ পাই আঃ ৪৫৲ থং ২৯৬।৭৯৭

১৭৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭২৸৶০ মৌজাদি ঐ ১-৬৯ শতকের কাত ১১৸৵৩ আঃ ৫০৲ থং ৩০০

১৭৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮০৸৬ মৌজাদি ঐ ৭-০৬ শতকের কাত ১৩।৵০ আঃ ৫০৲ থং ২৯৮

১৭৯ থাং ডিঃ ঐ দেং ভক্তিভূষণ রায় ওরফে মদনমোহন রায় দিং দাবি ৮৭/৬ মৌজাদি ঐ ২-৪৬ শতকের কাত ১৯৸৵১০ আঃ ৭৫৲ থং ২৪১

১২৬ থাং ডিঃ শ্রীকুমার মজুমদার দেং দ্বিজপদ মিস্ত্রী দিং দাবি ৩০৸০ থানা সুতী মৌজে বংশবাটী ৭২ শতকের কাত ৬৸০ আঃ ১০৲ থং ১৩৬৭

১৩৪ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং কিশনচন্দ্র দাস দাবি ৪৪৵৯ থানা সুতী মৌজে বসন্তপুর ৩-৯৭ শতকের কাত ১২৲ আঃ ২৫৲ থং ২০৪ রায়ত স্থিতিবান।

১৩৫ থাং ডিঃ ঐ দেং সরোজবাসিনী মজুমদার দাবি ৬৫৸৶৩ থানা সুতী মৌজে বাঙ্গাবাড়ী ২-৯৩ শতকের কাত ৯৶৩ আঃ ২৫৲ থং ৩৯ রায়ত স্থিতিবান।

১৮২ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ চৌধুরী দেং ব্রজরাখাল মৈত্র দিং দাবি ১৮॥৵৬ থানা সুতী মৌজে জগতাই ৪।৵১৬ জমার জমি আঃ ১০৲ থং ৩৫২

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৯শে জুলাই ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১১৫ থাং ডিঃ নেহালিয়া ট্রাষ্ট ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং তারাপদ বন্দ্যোপাধ্যায় দাবি ৪৯॥/৯ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ২-০৪ শতকের কাত ১১॥৶৭ আঃ ১০৲ থং ৪৭

১১৬ থাং ডিঃ ঐ দেং সেবাইত নির্ম্মলকুমার মুখোপাধ্যায়ের ওয়ারিশ প্রফুল্লকুমার মুখোপাধ্যায় দিং দাবি ৬৭।৶৯ মৌজাদি ঐ ৫-৬৯ শতকের কাত ২৫॥০ আঃ ২০৲ থং ১২